# জীবন বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান

## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান) প্রবিধানমালা, ২০১১

কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।— (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান) প্রবিধানমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ৩ এর বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) "মনোনীত ব্যক্তি" অর্থ জীবন বীমাকারী অথবা ব্রোকার কর্তৃক নির্ধারিত এবং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এই প্রবিধানমালার অধীনে লাইসেন্স ইস্যু বা নবায়ন করিতে ক্ষমতাবান কর্মকর্তা;

(ঘ) "লাইসেন্স" অর্থ বীমা এজেন্ট বা বীমা এজেন্ট নিয়োগকারী হিসেবে কাজ করার নিমিত্ত এই প্রবিধানমালার অধীনে ইস্যুকৃত অনুমতির সনদপত্র;

(ঙ) "বাস্তব প্রশিক্ষণ" অর্থ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বীমা বিক্রী, সরবরাহ ও বিপণনের প্রশিক্ষণকে অন্তর্ভুক্ত করিবে;

(চ) "বীমাগ্রহীতা" অর্থ বীমা পণ্যের একজন সম্ভাব্য গ্রাহক।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি **বীমা আইন,** ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন), অথবা **বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন,** ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন), তে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। জীবন বীমা এজেন্টকে অস্থায়ী লাইসেন্স প্রদান।— (১) কোন ব্যক্তি (অতঃপর 'আবেদনকারী' হিসাবে উলি- খিত), যিনি মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস,সি,) পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, তিনি মনোনীত কর্মকর্তার নিকট জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য **FORM IDRA-AGENTS-LA** তে আবেদন করিতে হইবে।

(৩) জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদনকারী কর্তৃক পরিশোধযোগ্য ফি এর পরিমান এবং উক্ত ফি পরিশোধের পদ্ধতি প্রবিধান ১১ তে বর্ণিত বিধানাবলী অনুযায়ী হইবে।

(৪) জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের ধারক অথবা অন্য কোন ব্যক্তি যাহাকে কোন সময় উক্তরূপ অস্থায়ী লাইসেন্স প্রদান করা হইয়াছিল, তিনি নবায়নযোগ্য অস্থায়ী লাইসেন্সের নিমিত্ত আবেদন করিতে পারিবেন না।

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধানের কোন কিছুই তাহার উপর বর্তাইবে না, যিনি তাহার অস্থায়ী লাইসেন্স বলবৎ থাকাকালীন প্রতি বৎসরে অন্যূন ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা সমপরিমাণের জীবন বীমা পলিসি সংগ্রহ করিয়াছিলেন এবং যাহার মধ্যে কমপক্ষে ৫০% পরিমাণ তাহার উক্তরূপ নবায়নযোগ্য অস্থায়ী লাইসেন্সের নিমিত্ত আবেদন করিবার তারিখে বলবৎ আছে।

(৫) উপ-প্রবিধান (১) ও (২) এর বিধানাবলী নতুন অস্থায়ী লাইসেন্সের আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৬) মনোনীত কর্মকর্তা নিজেকে সন্তুষ্ট করিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতঃ যদি মনে করেন যে, জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের নিমিত্ত আবেদনপত্র যথাযথভাবে করা হইয়াছে, তবে তিনি FORM IDRA-AGENTS-LB তে ০২ (দুই) বৎসর মেয়াদের অস্থায়ী লাইসেন্স প্রদান করিবেন।

**৪। জীবন বীমা এজেন্টকে লাইসেন্স প্রদান।—** (১) কোন ব্যক্তি যিনি জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্স ধারণ করিতেছেন, তিনি মনোনীত কর্মকর্তার নিকট জীবন বীমা এজেন্টের লাইসেন্সের নিমিত্ত আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে জীবন বীমা এজেন্টের লাইসেন্সের জন্য FORM IDRA-AGENTS-LC তে আবেদন করিতে হইবে।

(৩) জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদনকারী কর্তৃক পরিশোধযোগ্য ফি এর পরিমান এবং উক্ত ফি পরিশোধের পদ্ধতি প্রবিধান ১১ তে বর্ণিত বিধানাবলী অনুযায়ী হইবে।

(৪) মনোনীত কর্মকর্তা আবেদনকারীকে FORM IDRA-AGENTS-LD তে ০৩ (তিন) বৎসর মেয়াদের জীবন বীমা এজেন্টের লাইসেন্স প্রদান করিবেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে,

(১) আবেদনকারী প্রবিধান - ৫ এ বর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন;

(২) আবেদনকারী প্রবিধান - ৬ এ বর্ণিত বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করিয়াছেন।

**৫। পরীক্ষা।—** আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমি অথবা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত জীবন বীমা ব্যবসায় সংক্রান্ত নিয়োগ-পূর্ব (Pre-recruitment) পরীক্ষায় পাস করিতে হইবে।

**৬। বাস্তব প্রশিক্ষণ।—** যেইক্ষেত্রে আবেদনকারী প্রথমবারের মতো বীমা এজেন্ট হিসেবে লাইসেন্স প্রার্থনা করিতেছেন, সেইক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে অন্যূন ৭৫ (পঁচাত্তর) ঘন্টার জীবন বীমা ব্যবসায় সংক্রান্ত বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

**৭। লাইসেন্সের নবায়ন।—** (১) জীবন বীমা এজেন্টের লাইসেন্সের ধারক, ইচ্ছা করিলে, তাহার লাইসেন্স নবায়নের জন্য মনোনীত কর্মকর্তার নিকট FORM IDRA-AGENTS-LE তে আবেদন করিতে পারিবেন।

(২) মনোনীত কর্মকর্তা আবেদনকারীকে পূর্বে প্রদত্ত জীবন বীমা এজেন্টের লাইসেন্স ০২ (দুই) বৎসর মেয়াদের জন্য নবায়ন করিবেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে,

(ক) আবেদনটি যথাযথভাবে করা হইয়াছে;

(খ) আবেদনটি লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে তিনি (মনোনীত কর্মকর্তা) প্রাপ্ত হইয়াছিলেন;

(গ) আবেদনকারী প্রতি বৎসরে অন্যূন =১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা সমপরিমাণের নতুন জীবন বীমা ব্যবসায় সংগ্রহ করিয়াছিলেন, যাহার অন্ততপক্ষে ১ম বৎসরের বকেয়া প্রিমিয়াম পরিপূর্ণভাবে পরিশোধিত হইয়াছে এবং যাহার মধ্যে কমপক্ষে ৫০% পরিমাণ তাহার উক্তরূপ লাইসেন্স নবায়নের আবেদন করিবার তারিখে বলবৎ আছে;

(ঘ) জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদনকারী কর্তৃক পরিশোধযোগ্য ফি এর পরিমান এবং উক্ত ফি পরিশোধের পদ্ধতি প্রবিধান ১১ তে বর্ণিত বিধানাবলী অনুযায়ী হইবে;

(ঙ) আবেদনটি লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখের পূর্বে তিনি (মনোনীত কর্মকর্তা) প্রাপ্ত হইয়াছেন।

৮। **জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী সনদপত্র প্রদান।**— (১) কোন ব্যক্তি, যিনি অন্যূন ০৫ (পাঁচ) বৎসর জীবন বীমা এজেন্ট হিসাবে কাজ করিয়াছেন এবং প্রতি বৎসরে অন্যূন =৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা সমপরিমাণের নতুন জীবন বীমা ব্যবসায় সংগ্রহ করিয়াছেন, যাহার অন্ততপক্ষে ১ম বৎসরের বকেয়া প্রিমিয়াম পরিপূর্ণভাবে পরিশোধিত হইয়াছে এবং যাহার মধ্যে কমপক্ষে ৫০% পরিমাণ বলবৎ আছে, তিনি কর্তৃপক্ষের নিকট জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী সনদপত্রের নিমিত্ত আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী সনদপত্রের জন্য FORM IDRA-AGENTS-LF তে আবেদন করিতে হইবে।

(৩) জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী সনদপত্রের ধারক অথবা অন্য কোন ব্যক্তি, যাহাকে কোন সময় উক্তরূপ অস্থায়ী সনদপত্র প্রদান করা হইয়াছিল তিনি নবায়নযোগ্য অস্থায়ী সনদপত্রের নিমিত্ত আবেদন করতে পারিবেন না।

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধানের কোন কিছুই তাহার উপর বর্তাইবে না, যিনি তাহার অস্থায়ী সনদপত্র বলবৎ থাকাকালীন অন্যূন ০৫ (পাঁচ) জন বীমা এজেন্টকে পরিচিত করাইয়াছিলেন যাহারা পরবর্তীতে জীবন বীমার লাইসেন্সের নিমিত্ত যোগ্য হইয়াছিলেন এবং অন্যূন =১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা সমপরিমাণের জীবন বীমা পলিসি সংগ্রহ করিয়াছিলেন যাহার মধ্যে কমপক্ষে ৫০% পরিমাণ তাহার উক্তরূপ নবায়নযোগ্য অস্থায়ী সনদপত্রের নিমিত্ত আবেদন করিবার তারিখে বলবৎ আছে।

(৪) উপ-প্রবিধান (১) ও (২) এর বিধানাবলী নতুন অস্থায়ী সনদপত্রের আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৫) কর্তৃপক্ষ নির্ধারিত ফি প্রাপ্তি সাপেক্ষে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদন যথাযথভাবে করা হইয়াছে, তবে FORM IDRA-AGENTS-LG এ ০২ (দুই) বৎসর মেয়াদের জন্য জীবন বীমার এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী সনদপত্র প্রদান করিবেন।

(৬) জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদনকারী কর্তৃক পরিশোধযোগ্য ফি এর পরিমান এবং উক্ত ফি পরিশোধের পদ্ধতি প্রবিধান ১১ তে বর্ণিত বিধানাবলী অনুযায়ী হইবে।

**৯। জীবন বীমা এজেন্ট নিয়োগকারীকে সনদপত্র প্রদান।—** (১) কোন ব্যক্তি, যিনি জীবন বীমার এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী সনদপত্র ধারণ করিতেছেন তিনি কর্তৃপক্ষের নিকট জীবন বীমার এজেন্ট নিয়োগকারীর নবায়নযোগ্য সনদপত্রের নিমিত্ত আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর নবায়নযোগ্য সনদপত্রের নিমিত্ত আবেদনটি FORM IDRA-AGENTS-LH তে সনদপত্রের মেয়াদ উত্তীর্নের তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে করিতে হবে।

(৩) কর্তৃপক্ষ নির্ধারিত ফি প্রাপ্তি সাপেক্ষে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনটি যথাযথভাবে করা হইয়াছে তাহলে FORM IDRA-AGENTS-LI তে ০১ (এক) বৎসর মেয়াদের জন্য জীবন বীমার এজেন্ট নিয়োগকারীর সনদপত্র প্রদান করিবেন।

তবে শর্ত থাকে যে, আবেদনকারী তাহার সংশি- ষ্ট বীমাকারীর নিকট হইতে এই মর্মে একটি প্রত্যয়নপত্র দাখিল করেন যে, তাহার সনদপত্র বলবৎকালীন তিনি এজেন্ট নিয়োগ সংক্রান্ত যাবতীয় নির্দেশনা পালন করিয়াছিলেন এবং অন্যূন =১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা সমপরিমাণের জীবন বীমা পলিসি সংগ্রহ করিয়াছিলেন যাহার মধ্যে কমপক্ষে ৫০% পরিমাণ তাহার উক্তরূপ নবায়নযোগ্য সনদপত্রের নিমিত্ত আবেদন করিবার তারিখে বলবৎ আছে।

**১০। জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর সনদপত্রের নবায়ন।—** (১) জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর সনদপত্রের ধারক ইচ্ছা করিলে তাহার সনদপত্রের মেয়াদ উর্ত্তীনের অন্যূন ০১ (এক) মাস পূর্বে উক্তরূপ সনদপত্রের নবায়নের নিমিত্ত FORM IDRA-AGENTS-LJ তে আবেদন করিতে পারিবেন।

(২) কর্তৃপক্ষ প্রবিধান - ১১ মোতাবেক নির্ধারিত ফি প্রাপ্তি সাপেক্ষে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদন যথাযথভাবে করা হইয়াছে, তবে জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর সনদপত্র নবায়ন করিবেন।

**১১। পরিশোধযোগ্য ফি।—** (১) বীমা এজেন্ট অথবা বীমা এজেন্ট নিয়োগকারীর লাইসেন্স ইস্যু বা পূর্বে ইস্যুকৃত লাইসেন্স নবায়নের নিমিত্তে পরিশোধযোগ্য ফি নিম্নরূপ হইবে ঃ

(ক) জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য =৪০০/- (চারশত) টাকা;

(খ) জীবন বীমা এজেন্টের নবায়নযোগ্য অস্থায়ী লাইসেন্সের জন্য =৩০০/- (তিনশত) টাকা;

(গ) জীবন বীমা এজেন্টের লাইসেন্সের জন্য =৫০০/- (পাঁচশত) টাকা;

(ঘ) জীবন বীমা এজেন্টের লাইসেন্স নবায়নের জন্য =৩০০/- (তিনশত) টাকা;

(ঙ) জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী লাইসেন্সের জন্য =৭০০/- (সাতশত) টাকা;

(চ) জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী লাইসেন্স নবায়নের জন্য =৬০০/- (ছয়শত) টাকা;

(ছ) জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর লাইসেন্সের জন্য =৫০০/- (পাঁচশত) টাকা;

(জ) জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর লাইসেন্স নবায়নের জন্য =৪০০/- (চারশত) টাকা;

(ঝ) প্রত্যেক ক্ষেত্রে বিলম্বের জন্য =১০০/- (একশত) টাকা;

(ঞ) প্রত্যেক লাইসেন্সের প্রতিলিপির জন্য =১০০/- (একশত) টাকা।

(২) কোন অস্থায়ী লাইসেন্স, নবায়নযোগ্য অস্থায়ী লাইসেন্স ও লাইসেন্স ইস্যু ও নবায়নের নিমিত্ত প্রদেয় সকল ফি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে ব্যাংক ড্রাফট্ অথবা পে অর্ডার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

(৩) বীমাকারী প্রতি মাসে কর্তৃপক্ষের নিকট একটি বিবরণী দাখিল করিবেন যাহাতে ইস্যুকৃত লাইসেন্সের প্রকৃতি ও ইস্যুর তারিখ, বীমা এজেন্ট ও বীমা এজেন্ট নিয়োগকারীর নাম এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ডের অনুকূলে ফি জমাদানের সমর্থনে কাগজাদি থাকিবে।

(৪) বীমা এজেন্ট এবং বীমা এজেন্ট নিয়োগকারীর লাইসেন্স ইস্যু বা নবায়নের আবেদনের সহিত আবেদনকারীকে প্রযোজ্য ফি জমাদানের সমর্থনে কাগজাদি দাখিল করিতে হইবে।

**১২। আচরণবিধি।** — (১) এই প্রবিধানমালার অধীনে লাইসেন্সধারী প্রত্যেক ব্যক্তিকে নিম্নবর্ণিত আচরণবিধি মানিয়া চলিতে হইবে ঃ

প্রত্যেক বীমা এজেন্ট এবং বীমা এজেন্ট নিয়োগকারী অবশ্যই —

(ক) নিজেকে এবং তাহার বীমা কোম্পানির পরিচয় দিবেন;

(খ) বীমাগ্রহীতা চাহিবামাত্র তাহার লাইসেন্স প্রকাশ করিবেন;

(গ) বীমাকারীর বীমাপণ্য ব্যবসায়ের নিমিত্ত প্রয়োজনীয় তথ্যাদি প্রচার করিবেন এবং বীমাগ্রহীতার নিকট কোন সুনির্দিষ্ট বীমা পরিকল্পনা সুপারিশকালে বীমা গ্রহীতার প্রয়োজন বিবেচনায় রাখিবেন;

(ঘ) যদি বীমাগ্রহীতা জিজ্ঞাসা করেন তবে বীমাপণ্য ব্যবসায়ের নিমিত্ত কমিশনের মাত্রা প্রকাশ করিবেন;

(ঙ) বীমাপণ্য ব্যবসায়ের নিমিত্ত বীমাকারী কর্তৃক ধার্যকৃত প্রিমিয়াম প্রকাশ করিবেন;

(চ) বীমাচুক্তির ক্ষেত্রে বীমা গ্রহীতার নিকট প্রস্তাব ফরমের প্রয়োজনীয় তথ্যের প্রকৃতি এবং মূল তথ্যাদি প্রকাশের গুরুত্ব বীমাগ্রহীতা এর নিকট ব্যাখ্যা করিবেন;

(ছ) বীমাগ্রহীতা এর যদি কোন খারাপ অভ্যাস থাকে অথবা বীমাকারীর নিকট দাখিলকৃত প্রস্তাবের সহিত বীমাগ্রহীতা এর আয়ের অসঙ্গতি থাকে তবে তাহা বীমাকারীর নোটিশে আনয়ন করিবেন এবং বীমাগ্রহীতা সম্পর্কে সম্ভব প্রয়োজনীয় অনুসন্ধান করত অন্য কোন গুরুত্বপূর্ন তথ্যাদি যাহার ফলে প্রস্তাব গৃহীত হইলে বীমাকারীর অবলিখন সিদ্ধান্ত ক্ষতিগ্রস্ত হইতে পারে তাহাও বীমাকারীর নোটিশে আনয়ন করিবেন;

(জ) বীমাকারী কর্তৃক বীমার প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যানের বিষয়ে বীমাগ্রহীতাকে জরুরী ভিত্তিতে জ্ঞাত করিবেন;

(ঝ) বীমা প্রস্তাব দাখিলের সময় প্রয়োজনীয় কাগজাদি গ্রহণ করিবেন এবং পরবর্তীতে বীমাকারী কর্তৃক প্রস্তাব চূড়ান্ত করনের জন্য চাহিদাকৃত অন্যান্য কাগজাদিও গ্রহণ করিবেন;

(ঞ) পলিসিগ্রাহক বা দাবিকারক বা উপকারভোগীদের বীমাকারী কর্তৃক দাবি নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন;

(ট) প্রত্যেক ব্যক্তিপলিসিগ্রাহককে ক্ষেত্রমত মনোনয়ন বা প্রতিবেদন বা ঠিকানার পরিবর্তন বা ইচ্ছা ব্যক্ত করার ক্ষেত্রে পরামর্শ প্রদান করিবেন।

**১৩। অযোগ্যতা।—** (১) জীবন বীমা ব্যবসায়ে অস্থায়ী লাইসেন্স বা নবায়নযোগ্য লাইসেন্স বা নবায়নযোগ্য লাইসেন্সের নবায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি অযোগ্যতা বলিয়া গণ্য হইবে ঃ

(১) আবেদনকারী অপ্রাপ্ত বয়স্ক;

(২) আবেদনকারী অপ্রকৃতিস্থ মর্মে উপযুক্ত আদালত কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে;

(৩) উপযুক্ত আদালত কর্তৃক আবেদনকারী ফৌজদারি প্রকৃতির সম্পত্তি আত্মসাত বা ফৌজদারি প্রকৃতির বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সজ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হন;

(৪) বীমা পলিসি সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় বা বীমা কোম্পানির অবসায়নে বা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আবেদনকারী দোষী মর্মে প্রতীয়মান হয় অথবা দেখা যায় যে, আবেদনকারী কোন প্রতারণা, অসততা বা অপপ্রয়োগে অথবা প্রতারণা, অসততা বা অপপ্রয়োগের ষড়যন্ত্রে অংশগ্রহণ করিয়াছেন যাহা বীমাকারী বা বীমাগ্রহীতার স্বার্থের পরিপন্থী;

(৫) আবেদনকারী এই প্রবিধানমালার প্রবিধান - ১২ এ বর্ণিত আচরণবিধি লঙ্ঘন করিয়াছেন।

**১৪। লাইসেন্স বাতিল।—** (১) যদি বীমা এজেন্ট প্রবিধান- ১৩ তে উলি-খিত এক বা একাধিক অযোগ্যতা ধারণ করেন, তবে বীমাকারী কোন বীমা এজেন্টের চলমান লাইসেন্স যেকোনো সময় বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন এবং বীমাকারী উক্তরূপ বাতিলকৃত লাইসেন্স তাহার নিকট হইতে পুনর‍ুদ্ধারও করিতে পারিবেন।

(২) যদি বীমা এজেন্ট নিয়োগকারী প্রবিধান- ১৩ তে উলি-খিত এক বা একাধিক অযোগ্যতা ধারণ করেন, তবে কর্তৃপক্ষ কোন বীমা এজেন্ট নিয়োগকারীর চলমান লাইসেন্স যেকোনো সময় বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষ উক্তরূপ বাতিলকৃত লাইসেন্স তাহার নিকট হইতে পুনর‍ুদ্ধারও করিতে পারিবেন।

**১৫। প্রতিলিপি লাইসেন্স প্রদান।—** এই প্রবিধানমালার প্রবিধান - ১১ তে উলিখিত ফি পরিশোধ সাপেক্ষে বীমাকারী হারানো, বিনষ্ট হওয়া বা কাটাছেঁড়া লাইসেন্সের বিপরীতে প্রতিলিপি লাইসেন্স ইস্যু করিতে পারিবেন।

**১৬। বীমা এজেন্টের রেজিস্টার।—** প্রত্যেক বীমাকারী তাহার নিয়োগকৃত বীমা এজেন্ট বা বীমা এজেন্ট নিয়োগকারীর বিষয়ে একটি রেজিস্টার সংরক্ষণ করিবেন, যাহাতে উক্ত বীমা এজেন্ট বা বীমা এজেন্ট নিয়োগকারীর নাম ও ঠিকানা, তাহাদের নিয়োগদানের এবং নিয়োগ সমাপ্তির তারিখ (যদি থাকে) লিপিবদ্ধ করিতে হইবে।

১৭। উপরিউক্ত প্রত্যেক ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ আবেদনপত্র প্রাপ্তির তারিখ হইতে ১৫ (পনের) দিবসের মধ্যে আবেদনকারীকে তাহার আবেদনের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত অবহিত করিবেন।

## FORM IDRA-AGENTS-LA
### জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের আবেদন

তারিখ ঃ

বরাবর,

কোম্পানির নাম ও ঠিকানা ঃ

জনাব,

জীবন বীমা এজেন্ট হিসাবে দায়িত্ব পালনের উদ্দেশে আমাকে *অস্থায়ী লাইসেন্স* প্রদানের নিমিত্তে বিনীত অনুরোধ করিতেছি। এতদনিরিখে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলাম ঃ

১। প্রয়োজনীয় তথ্যাদি ঃ

(১) নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) ঃ ..........................................................................

(২) পিতার/স্বামীর নাম ঃ ..........................................................................

(৩) জন্ম তারিখ ঃ ..........................................................................

(৪) আবেদন করিবার তারিখে বয়স ঃ ..........................................................................

(৫) আবাসিক ঠিকানা ঃ ..........................................................................

(৬) স্থায়ী ঠিকানা ঃ ..........................................................................

(৭) শিক্ষাগত যোগ্যতা ঃ ..........................................................................
(কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)

(৮) জাতীয়তা ঃ ..........................................................................

(৯) ধর্ম ঃ ..........................................................................

(১০) আপনি কি পূর্বে অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করিয়াছিলেন? যদি করিয়া থাকেন, তবে ঃ

(ক) লাইসেন্স প্রদান করা হইয়াছিল কি না ঃ যদি হইয়া থাকে, তবে লাইসেন্সের নম্বর ও তা মেয়াদোত্তীর্ণের তারিখ ..........................................................................

(খ) লাইসেন্সের আবেদন প্রত্যাখ্যাত হইয়াছিল কি না ঃ যদি হইয়া থাকে, তবে কারণসহ অনুরূপ প্রত্যখ্যানপত্রের নম্বর ও তারিখ..........................................................................

(১১) আপনার কি এজেন্ট নিয়োগকারীর সনদ আছে? যদি থাকিয়া থাকে, তবে ঐ সনদের তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে..........................................................................

২। দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হইতে হইবে)

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, পূর্বে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং যে অস্থায়ী সনদের জন্য আমি আবেদন করিতেছি তাহা জীবন বীমা ব্যবসায় আমন্ত্রণ ও সংগ্রহের উদ্দেশে কেবলমাত্র আমার কর্তৃক ব্যবহৃত হইবে।

৪। আমি পুনর্বার ঘোষণা করিতেছি যে —

(ক) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ মর্মে সিদ্ধান্তকৃত হইনি;

(খ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক ফৌজদারি প্রকৃতির সম্পত্তি আত্মসাত বা ফৌজদারি প্রকৃতির বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সঙ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হইনি, এবং

(গ) বীমা পলিসি বা বীমা কোম্পানির অবসায়ন সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় অথবা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আমি জ্ঞানত বীমাকারী বা বীমাকৃতের স্বার্থের পরিপন্থী কোন প্রতারণা বা অপপ্রয়োগে অংশগ্রহণ করিনি অথবা উক্ত প্রতারণা বা অপপ্রয়োগের ষড়যন্ত্রে জড়িত হইনি এবং সেই মর্মে দোষী সাব্যস্তও হইনি।

৫। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে লাইসেন্স ফি বাবদ =৪০০/- (চারশত) টাকা পরিশোধ করিয়াছি এবং তাহার রসিদ এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত,

আবেদনকারীর স্বাক্ষর

## FORM IDRA-AGENTS-LB

কোম্পানির নাম ও ঠিকানা

অস্থায়ী লাইসেন্স নম্বর ...................................... (জীবন)

**জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্স**

জনাব/বেগম/মিস্.....................................................................................................................................

......

পিতা/স্বামী .........................................................................................................................

গ্রাম ..................................................................................................................................

ডাকঘর ..............................................................................................................................

উপজেলা ............................................................................................................................

জেলা ....................................................................................... কে এই মর্মে অনুমোদন দেওয়া হইলযে, তিনি .............................................. হইতে ............................................. তারিখ পর্যন্ত দুই বৎসর মেয়াদের জন্য জীবন বীমা ব্যবসায়ের **অস্থায়ী বীমা এজেন্ট** হিসাবে দায়িত্ব পালন করিতে পারিবেন। ঢাকা, অদ্য তারিখ........................ খ্রিস্টাব্দ।

মনোনীত কর্মকর্তার স্বাক্ষর

মনোনীত কর্মকর্তার নাম

পদমর্যাদা

আবেদনকারীর ছবি ও নমুনা স্বাক্ষর

## FORM IDRA-AGENTS-LC

জীবন বীমা এজেন্টের নবায়নযোগ্য লাইসেন্সের নিমিত্ত আবেদন

তারিখ ঃ

অস্থায়ী লাইসেন্স নম্বর ..................................
ইস্যুর তারিখ ..........................................
মেয়াদোত্তীর্ণের তারিখ ..................................

বরাবর,

কোম্পানির নাম ও ঠিকানা

জনাব,

জীবন বীমা এজেন্ট হিসাবে দায়িত্ব পালনের উদ্দেশে আমাকে *নবায়নযোগ্য লাইসেন্স* প্রদানের নিমিত্তে বিনীত অনুরোধ করিতেছি। এতদনিরিখে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলাম ঃ

১। প্রয়োজনীয় তথ্যাদিঃ

(১) নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) ঃ ..................................................................

(২) পিতার/স্বামীর নাম ঃ ..................................................................................

(৩) জন্ম তারিখ ঃ .........................................................................................

(৪) আবেদন করিবার তারিখে বয়স ঃ ..................................................................

(৫) আবাসিক ঠিকানা ঃ ..................................................................................

(৬) স্থায়ী ঠিকানা ঃ .....................................................................................

(৭) শিক্ষাগত যোগ্যতা ঃ ................................................................................
(কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)

(৮) জাতীয়তা ঃ ..........................................................................................

(৯) ধর্ম ঃ ..................................................................................................

(১০) আপনি কি বিধি ২০ মোতাবেক পরীক্ষায় পাস করিয়াছেন? যদি করিয়া থাকেন, তবে-

(ক) উক্ত পরীক্ষা পাসের সনদপত্র, নম্বরপত্র ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজাদির ফটোকপি যাহা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত এতদসঙ্গে সংযুক্ত করিতে হইবে।

২। দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হইতে হইবে)

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, পূর্বে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং যে অস্থায়ী সনদের জন্য আমি আবেদন করি তাহা জীবন বীমা ব্যবসায় আমন্ত্রণ ও সংগ্রহের উদ্দেশে কেবলমাত্র আমার কর্তৃক ব্যবহৃত হইবে।

৪। আমি পুনর্বার ঘোষণা করিতেছি যে —

(ক) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ মর্মে সিদ্ধান্তকৃত হইনি;

(খ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক ফৌজদারি প্রকৃতির সম্পত্তি আত্মসাত বা ফৌজদারি প্রকৃতির বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সঙ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হইনি, এবং

(গ) বীমা পলিসি বা বীমা কোম্পানির অবসায়ন সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় অথবা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আমি জ্ঞানত বীমাকারী বা বীমাকৃতের স্বার্থের পরিপন্থী কোন প্রতারণা বা অপপ্রয়োগে অংশগ্রহণ করিনি অথবা উক্ত প্রতারণা বা অপপ্রয়োগের ষড়যন্ত্রে জড়িত হইনি এবং সেই মর্মে দোষী সাব্যস্তও হইনি।

৫। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে লাইসেন্স ফি বাবদ =৩০০/- (তিনশত) টাকা পরিশোধ করিয়াছি এবং তাহার রসিদ এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত,

আবেদনকারীর স্বাক্ষর

# FORM IDRA-AGENTS-LD

কোম্পানির নাম ও ঠিকানা

নবায়নযোগ্য লাইসেন্স নম্বর ...................................... (জীবন)

জীবন বীমা এজেন্টের নবায়নযোগ্য লাইসেন্স

জনাব/বেগম/মিস্.......................................................................................................................................
....

পিতা/স্বামী ............................................................................................................................

গ্রাম ..................................................................................................................................

ডাকঘর ...............................................................................................................................

উপজেলা ............................................................................................................................

জেলা .................................................................................... কে এই মর্মে অনুমোদন দেওয়া হইলযে, তিনি ............................................... হইতে ............................................ তারিখ পর্যন্ত তিন বৎসর মেয়াদের জন্য জীবন বীমা ব্যবসায়ের বীমা এজেন্ট হিসাবে দায়িত্ব পালন করিতে পারিবেন। ঢাকা, অদ্য তারিখ.............................. খ্রিস্টাব্দ।

মনোনীত কর্মকর্তার স্বাক্ষর

মনোনীত কর্মকর্তার নাম

পদমর্যাদা

আবেদনকারীর ছবি ও নমুনা স্বাক্ষর

# FORM IDRA-AGENTS-LE

জীবন বীমা এজেন্টের লাইসেন্স নবায়নের নিমিত্ত আবেদন

তারিখ ঃ

অস্থায়ী লাইসেন্স নম্বর ................................
ইস্যুর তারিখ ..........................................
মেয়াদোত্তীর্ণের তারিখ ................................

বরাবর,
কোম্পানির নাম ও ঠিকানা ঃ

জনাব,
উলি- খিত লাইসেন্স আরও তিন বৎসর মেয়াদের জন্য নবায়ন করিবার বিনীত অনুরোধ করিতেছি। এতদনিরিখে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলামঃ

১। প্রয়োজনীয় তথ্যাদিঃ
নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) ঃ ..........................................................................

(১) পিতার/স্বামীর নাম ঃ ..........................................................................
(২) জন্ম তারিখ ঃ ..........................................................................
(৩) আবেদন করিবার তারিখে বয়স ঃ ..........................................................................
(৪) আবাসিক ঠিকানা ঃ ..........................................................................
(৫) স্থায়ী ঠিকানা ঃ ..........................................................................
(৬) শিক্ষাগত যোগ্যতা ঃ ..........................................................................
(কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)
(৭) জাতীয়তা ঃ ..........................................................................
(৮) ধর্ম ঃ ..........................................................................

২। দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হইতে হইবে)

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, পূর্বে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং যে অস্থায়ী সনদের জন্য আমি আবেদন করি তাহা জীবন বীমা ব্যবসায় আমন্ত্রণ ও সংগ্রহের উদ্দেশে কেবলমাত্র আমার কর্তৃক ব্যবহৃত হইবে।

৪। আমি আরো ঘোষণা করিতেছি যে—

(ক) কোন উপযুক্ত আদালত কর্তৃক আমাকে অপ্রকৃতিস্থ সাব্যস্ড় করা হয় নাই;

(খ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক ফৌজদারি প্রকৃতির সম্পত্তি আত্নসাত বা ফৌজদারি প্রকৃতির বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সজ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হইনি, এবং

(ক) বীমা পলিসি বা বীমা কোম্পানির অবসায়ন সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় অথবা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আমি স্বজ্ঞানে বীমাকারী বা বীমাগ্রহীতার স্বার্থের পরিপন্থী কোন প্রতারণা বা অপপ্রয়োগে অংশগ্রহণ করি নাই অথবা উক্ত প্রতারণা বা অপপ্রয়োগের ষড়যন্ত্রে জড়িত হই নাই এবং সেই মর্মে দোষী সাব্যস্তও হই নাই।

৫। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে লাইসেন্স ফি বাবদ =৩০০/- (তিনশত) টাকা পরিশোধ করিয়াছি এবং তাহার রসিদ এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত,

আবেদনকারীর স্বাক্ষর

## FORM IDRA-AGENTS-LF

### জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী সনদের/ অস্থায়ী সনদ নবায়নের নিমিত্ত আবেদন

তারিখ ঃ

বরাবর

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা

জনাব,

জীবন বীমা এজেন্ট নিয়োগকারী হিসাবে দায়িত্ব পালনের উদ্দেশে আমাকে দুই বৎসর মেয়াদের জন্য *অস্থায়ী সনদপত্র প্রদানের* বা পূর্বে প্রদত্ত *অস্থায়ী সনদপত্র নবায়নের* নিমিত্তে বিনীত অনুরোধ করিতেছি। এতদনিরিখে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলামঃ

১। প্রয়োজনীয় তথ্যাদিঃ

(১) নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) ঃ ....................................................................................

(২) পিতার/স্বামীর নাম ঃ ....................................................................................

(৩) জন্ম তারিখ ঃ ....................................................................................

(৪) আবেদন করিবার তারিখে বয়স ঃ ....................................................................................

(৫) আবাসিক ঠিকানা ঃ ....................................................................................

(৬) স্থায়ী ঠিকানা ঃ ....................................................................................

(৭) শিক্ষাগত যোগ্যতা ঃ ....................................................................................
....................................................................................
(কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)

(৮) জাতীয়তা ঃ ....................................................................................

(৯) ধর্ম ঃ ....................................................................................
....................................................................................

(১০) বিগত সাত বৎসর যাবৎ বীমা এজেন্ট হিসাবে দায়িত্ব পালন সম্পর্কে নিম্ন বর্ণিত তথ্যাদি উলে- খ করিতে হইবে ঃ

(ক) লাইসেন্স নম্বর ....................................................................................

(খ) মেয়াদোত্তীর্ণের তারিখ ....................................................................................

(গ) সংশি্লষ্ট বীমাকারীর নিকট হইতে প্রবিধান ৯ মোতাবেক বীমা ব্যবসায়ের কাজের পরিসর ও তাতে আবেদনকারীর বহাল থাকিবার শতকরা হার সম্পর্কিত প্রত্যয়নপত্র।

২। দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হইতে হইবে)

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, পূর্বে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং যে অস্থায়ী সনদের জন্য আমি আবেদন করি তাহা জীবন বীমা ব্যবসায় আমন্ত্রণ ও সংগ্রহের উদ্দেশে কেবলমাত্র আমার কর্তৃক ব্যবহৃত হইবে।

৪। আমি পুনর্বার ঘোষণা করিতেছি যে —

(ক) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ মর্মে সিদ্ধান্তকৃত হইনি;

(খ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক ফৌজদারি প্রকৃতির সম্পত্তি আত্মসাত বা ফৌজদারি প্রকৃতির বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সঙ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হইনি, এবং

(গ) বীমা পলিসি বা বীমা কোম্পানির অবসায়ন সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় অথবা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আমি জ্ঞানত বীমাকারী বা বীমাকৃতের স্বার্থের পরিপন্থী কোন প্রতারণা বা অপপ্রয়োগে অংশগ্রহণ করিনি অথবা উক্ত প্রতারণা বা অপপ্রয়োগের ষড়যন্ত্রে জড়িত হইনি এবং সেই মর্মে দোষী সাব্যস্তও হইনি।

৫। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী সনদপত্রের ফি বাবদ =৭০০/- (সাতশত) টাকা / অস্থায়ী সনদপত্র নবায়নের ফি বাবদ =৬০০/- (ছয়শত) টাকা পরিশোধ করিয়াছি এবং তাহার রসিদ এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনকারীর নাম ও ঠিকানা

## FORM IDRA-AGENTS-LG

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

(মনোগ্রাম)

অস্থায়ী সনদপত্র নম্বর ........................................ (জীবন)

জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর অস্থায়ী সদনপত্র

জনাব/বেগম/মিস্.............................................................................................................................
.

পিতা/স্বামী ....................................................................................................................

গ্রাম ...............................................................................................................................

ডাকঘর ...........................................................................................................................

উপজেলা ........................................................................................................................

জেলা ...........................................................................................................................

............................................................................ কে এই মর্মে অনুমোদন দেওয়া হইলযে, তিনি ............................................. হইতে ...........................................তারিখ পর্যন্ত দুই বৎসর মেয়াদের জন্য জীবন বীমা ব্যবসায়ের **অস্থায়ী বীমা এজেন্ট নিয়োগকারী** হিসাবে দায়িত্ব পালন করিতে পারিবেন। অদ্য তারিখ........................... খ্রিস্টাব্দ।

চেয়ারম্যানের স্বাক্ষর

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

অথবা

এতদউদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা

আবেদনকারীর ছবি ও নমুনা স্বাক্ষর

# FORM IDRA-AGENTS-LH

## জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর নবায়নযোগ্য সনদপত্রের নিমিত্ত আবেদন

তারিখ ঃ

অস্থায়ী সনদপত্র নম্বর ..................................
ইস্যুর তারিখ ..............................................
মেয়াদোত্তীর্ণের তারিখ ..................................

বরাবর
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা

জনাব,
জীবন বীমা এজেন্ট নিয়োগকারী হিসাবে দায়িত্ব পালনের উদ্দেশে আমাকে *নবায়নযোগ্য সনদপত্র* প্রদানের নিমিত্তে বিনীত অনুরোধ কি তেছি। এতদনিরিখে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলামঃ

১। প্রয়োজনীয় তথ্যাদিঃ

(১) নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) ঃ ..................................................................
(২) পিতার/স্বামীর নাম ঃ ..................................................................................
(৩) জন্ম তারিখ ঃ ..........................................................................................
(৪) আবেদন করিবার তারিখে বয়স ঃ ......................................................................
(৫) আবাসিক ঠিকানা ঃ ....................................................................................
(৬) স্থায়ী ঠিকানা ঃ .........................................................................................
(৭) শিক্ষাগত যোগ্যতা ঃ ....................................................................................
(কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)
(৮) জাতীয়তা ঃ ...........................................................................................
(৯) ধর্ম ঃ ....................................................................................................
(১০) আপনি কি প্রবিধান - ৬ মোতাবেক পরীক্ষায় পাস করিয়াছেন? যদি করিয়া থাকেন, তবে-
(ক)উক্ত পরীক্ষা পাসের সনদপত্র, নম্বরপত্র ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজাদির ফটোকপি যাহা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত এতদসঙ্গে সংযুক্ত করিতে হইবে।

২। দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হইতে হইবে)

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, পূর্বে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং যে অস্থায়ী সনদের জন্য আমি আবেদন করি তাহা জীবন বীমা ব্যবসায় আমন্ত্রণ ও সংগ্রহের উদ্দেশে কেবলমাত্র আমার দ্বারা ব্যবহৃত হইবে।

৪। আমি পুনর্বার ঘোষণা করিতেছি যে —

(ক) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ মর্মে সিদ্ধান্তকৃত হইনি;
(খ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক ফৌজদারি প্রকৃতির সম্পত্তি আত্মসাত বা ফৌজদারি প্রকৃতির বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সঙ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হইনি, এবং
(গ) বীমা পলিসি বা বীমা কোম্পানির অবসায়ন সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় অথবা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আমি জ্ঞাতসারে বীমাকারী বা বীমাগ্রহীতার স্বার্থের পরিপন্থী কোন প্রতারণা বা অপপ্রয়োগে অংশগ্রহণ করিনি অথবা উক্ত প্রতারণা বা অপপ্রয়োগের ষড়যন্ত্রে জড়িত হইনি এবং সেই মর্মে দোষী সাব্যস্তও হইনি।

৫। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর সনদপত্র ফি বাবদ =৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করিয়াছি এবং তাহার রসিদ এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর

# FORM IDRA-AGENTS-LI

## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

(মনোগ্রাম)

নবায়নযোগ্য সনদপত্র নম্বর ...................................... (জীবন)

জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর নবায়নযোগ্য সদনপত্র

জনাব/বেগম/মিস্ ..........................................................................................................................

পিতা/স্বামী .......................................................................................................

গ্রাম ..............................................................................................................

ডাকঘর ............................................................................................................

উপজেলা .........................................................................................................

জেলা ............................................................................... কে এই মর্মে অনুমোদন দেওয়া হইল যে, তিনি ............................................ হইতে ............................................ তারিখ পর্যন্ত এক বৎসর মেয়াদের জন্য জীবন বীমা ব্যবসায়ের **বীমা এজেন্ট নিয়োগকারী** হিসাবে দায়িত্ব পালন করিতে পারিবেন। অদ্য তারিখ............................................ খ্রিস্টাব্দ।

চেয়ারম্যানের স্বাক্ষর

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

অথবা

এতদউপলক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা

আবেদনকারীর ছবি ও নমুনা স্বাক্ষর

# FORM IDRA-AGENTS-LJ

## জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর সনদপত্র নবায়নের নিমিত্ত আবেদনপত্র

তারিখ ঃ

নবায়নযোগ্য সনদপত্র নম্বর............................
ইস্যুর তারিখ ..........................................
মেয়াদোত্তীর্ণের তারিখ ...............................

বরাবর
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা

জনাব,
জীবন বীমা এজেন্ট নিয়োগকারী হিসাবে দায়িত্ব পালনের উদ্দেশে আমাকে পূর্বে ইস্যুকৃত উল্লেখিত নবায়নযোগ্য সনদপত্র আরও তিন বৎসর মেয়াদে জন্য নবায়নের নিমিত্তে অনুরোধ করিলাম। এতদনিরিখে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলামঃ

১। প্রয়োজনীয় তথ্যাদি ঃ

(১) নাম ঃ ..........................................................................................................
(২) পিতার/স্বামীর নাম ঃ ......................................................................................
(৩) জন্ম তারিখ ঃ ......................................................................................................
(৪) আবেদন করিবার তারিখে বয়স ঃ .........................................................................
(৫) আবাসিক ঠিকানা ঃ .........................................................................................
(৬) স্থায়ী ঠিকানা ঃ ................................................................................................
(৭) শিক্ষাগত যোগ্যতা ঃ .......................................................................................
(৮) (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)
(৯) জাতীয়তা ঃ .........................................................................................................
(১০) ধর্ম ঃ ..................................................................................................................
(১১) আপনি কি প্রবিধান - ৬ মোতাবেক পরীক্ষায় পাস করিয়াছেন? যদি করিয়া থাকেন, তবে ঃ
(ক) উক্ত পরীক্ষা পাসের সনদপত্র, নম্বরপত্র ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজাদির ফটোকপি যাহা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত এতদসঙ্গে সংযুক্ত করিতে হইবে।

২। দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হইতে হইবে)

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, পূর্বে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং যে অস্থায়ী সনদের জন্য আমি আবেদন করি তাহা জীবন বীমা ব্যবসায় আমন্ত্রণ ও সংগ্রহের উদ্দেশে কেবলমাত্র আমার কর্তৃক ব্যবহৃত হইবে।

৪। আমি পুনর্বার ঘোষণা করিতেছি যে —

(ক) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ মর্মে সিদ্ধান্তকৃত হইনি;
(খ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক ফৌজদারি প্রকৃতির সম্পত্তি আত্মসাত বা ফৌজদারি প্রকৃতির বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সঙ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হইনি, এবং
(গ) বীমা পলিসি বা বীমা কোম্পানির অবসায়ন সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় অথবা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আমি জ্ঞানত বীমাকারী বা বীমাকৃতের স্বার্থের পরিপন্থী কোন প্রতারণা বা অপপ্রয়োগে অংশগ্রহণ করিনি অথবা উক্ত প্রতারণা বা অপপ্রয়োগের ষড়যন্ত্রে জড়িত হইনি এবং সেই মর্মে দোষী সাব্যস্তও হইনি।

৫। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে জীবন বীমা এজেন্ট নিয়োগকারীর সনদপত্র নবায়নের ফি বাবদ =৪০০/- (চারশত) টাকা পরিশোধ করিয়াছি এবং তাহার রসিদ এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত,

আবেদনকারীর স্বাক্ষর